ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-১০৯৫</u>
বিলোনীয়া, ৭ জুন, ২০২৫

**পঞ্চদশ অর্থ কমিশনের টাইড ফান্ডে ভারতচন্দ্রনগর ব্লক এলাকায় বিভিন্ন পরিকাঠামোগত উন্নয়নমূলক কাজ**

গত অর্থবছরে পঞ্চদশ অর্থ কমিশনের টাইড ফান্ডের অর্থে ভারতচন্দ্রনগর ব্লক এলাকায় বিভিন্ন পরিকাঠামোগত উন্নয়নমূলক কাজ করা হয়েছে। এরমধ্যে ব্লকের পূর্ব পিপারিয়াখলা পঞ্চায়েতের সুকান্ত হাট অঙ্গনওয়াড়ি সেন্টারে একটি ওভারহেড জলের ট্যাঙ্ক তৈরি করা হয়েছে। তাতে ব্যয় হয়েছে ১ লক্ষ ২০ হাজার ১৩৮ টাকা। সম পরিমাণ অর্থ ব্যয় করে এই পঞ্চায়েতের রিয়াং পাড়া অঙ্গনওয়াড়ি সেন্টারে আরও একটি ওভারহেড ট্যাঙ্ক তৈরি করা হয়েছে। তাছাড়া ঈশানচন্দ্রনগর পঞ্চায়েতের ঈশানচন্দ্রনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে অ্যাকুয়া গার্ড সহ পানীয়জল সংরক্ষণের ব্যবস্থা গড়ে তোলা হয়েছে। ব্যয় হয়েছে ১ লক্ষ ১২ হাজার ১৬৩ টাকা। এছাড়াও এই পঞ্চায়েতের অফিসে সম পরিমাণ অর্থব্যয়ে আরও একটি অ্যাকুয়া গার্ড সহ পানীয়জলের সংরক্ষণের ব্যবস্থা গড়ে তোলা হয়েছে। ভারতচন্দ্রনগর ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*******